গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয়
উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ ২১/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন কর্মসুচিভুক্ত সকল উন্নয়ন প্রকল্প ও উন্নয়ন সহায়তা বাবদ প্রদত্ত বরাদ্দের বিপরীতে বাস্তবায়নাধীন প্রকল্প/স্কীমের মে, ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২০১৫-২০১৬ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচীভুক্ত সকল উন্নয়ন প্রকল্প ও উন্নয়ন সহায়তা বাবদ প্রাপ্ত বরাদ্দের বিপরীতে বাস্তবায়নাধীন প্রকল্প/স্কীমের মে/২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত ২১/০৬/২০১৬ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে উন্নয়ন পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রণালয়ের সচিব জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি সভায় সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত প্রতিনিধি/কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট -'ক' তে সংযুক্ত করা হ'ল।

০২। সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব(উন্নয়ন) সকলের অবগতির জন্য, গত ০৯/০৫/২০১৬ তারিখ অনুষ্ঠিত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পাঠ করেন। অত:পর ২০১৫-২০১৬ অর্থ বছরের মে, ২০১৬ পর্যন্ত এডিপি বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং তিনি জানান যে, ২০১৫-২০১৬ অর্থ বছরে সংশোধিত বাজেটে এ মন্ত্রণালয়ের এডিপিভুক্ত প্রকল্প এবং থোক বরাদ্দকৃত অর্থ **৫০৫১৪.০০** লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে **৩১১৪৫.৯৪** লক্ষ টাকা। আর্থিক বাস্তবায়ন অগ্রগতি ৬১.৬৫% ।

০৩। গত সভার ৬(৩) নং সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে রয়েছে। প্রকল্পের কাজের বাস্তব অবস্থা সরেজমিনে পরিদর্শন কার্যক্রম চলছে এবং ৩০ জুন, ২০১৬ এর মধ্যে সকল বিল পরিশোধ করতে হবে। অব্যয়িত অর্থ থাকলে তা সরকারি কোষাগারে জমাপ্রদান করে আগামী ১০/০৭/২০১৬ তারিখের মধ্যে অর্থ বিভাগের নির্ধারিত ছকে তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। গত সভার ৬(৪) নং সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, আইসিডিপি প্রকল্পের মেয়াদ শেষে নতুন প্রজেক্ট গ্রহণ বিষয়ে মন্ত্রণালয় হতে ৪টি কমিটি গঠন করা হয়েছে। যুগ্মসচিব(উন্নয়ন) এর সভাপতিত্বে দুই কমিটি সভা জুন মাসেই সম্পন্ন করা হবে। এবং অতিরিক্ত সচিব(উন্নয়ন) এর সভাপতিত্বে দুইটি সভা ঈদ উল ফিতর এর পর আহবান করা হবে। সভাপতি যথাসময়ে সভা সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভার ৬(৬) নং সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সভাকে জানানো হয় যে, প্রতিমন্ত্রী মহোদয় এর নির্দেশনা মোতাবেক আগামী ২০১৬-২০১৭ অর্থ বছর হতে পানি ও পানীয় জল ব্যবস্থাপনা সংক্রান্ত প্রজেক্ট এর জন্য কমপক্ষে ১০% বরাদ্দ রাখতে হবে। একই সাথে এ সংক্রান্ত একটি বড় প্রজেক্ট পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড গ্রহন করবে। গত সভার ৬(৭) নং সিদ্ধান্ত বাস্তবায়নের সভাকে জানানো হয় যে, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে আগামী ২০১৬-২০১৭ অর্থ বছরে রাস্তাঘাট, ভৌত অবকাঠামো, পূর্ত সংক্রান্ত প্রকল্প/স্কীম কম গ্রহণ করে সরাসরি দারিদ্র বিমোচন, বিকল্প উৎপাদন ব্যবস্থা সৃষ্টি তথা আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে পার্বত্য অঞ্চলে বসবাসরত মানুষের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখতে পারে এমন প্রকল্প/স্কীম গ্রহণ করতে হবে এবং আগামী ২০/০৭/২০১৬ তারিখের মধ্যে স্কীম তালিকা (কোড-৫০১০, ৭০২০, ৭০৩০) মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। গত সভার ৬(১০) নং সিদ্ধান্তের বিষয়ে উপসচিব(উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, তিনি ৪-৬ জুন, ২০১৬ তারিখ পর্যন্ত তিন পার্বত্য এলাকায় এ মন্ত্রণালয়ের অর্থায়নে গৃহীত স্কীম বাস্তবায়ন বাস্তব অবস্থা পরিদর্শন করেন এবং প্রতিবেদন দাখিল করেন। এ বিষয়ে রেশম বোর্ড এর প্রকল্প পরিচালক সভাপতির দৃষ্টি আকর্ষণ পূর্বক এক বছর মেয়াদ বৃদ্ধির জন্য অনুরোধ জানান। সভাপতি প্রতিবেদনটি পর্যালোচনা করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।

চলমান পাতা-২

গত সভার ৬(১১) নং সিদ্ধান্ত বিষয়ে যুগ্মসচিব(উন্নয়ন) বলেন যে, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ(এলজিইডি অংশ) বৈদেশিক সাহায্য অংশের ১০ কোটি টাকা অগ্রিম উত্তোলন রাখার বিধান চালু করার জন্য এলজিইডি লিখিতভাবে এ মন্ত্রণালয়ের নিকট একটি প্রস্তাবনা পেশ করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে প্রকল্পের অর্থ ছাড়ে কি ধরণের সমস্যা বিদ্যমান রয়েছে, তা উত্তরণের সুপারিশ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। মন্ত্রণালয় প্রস্তাবনা প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৪। সভায় বিস্তারিত আলোচনার সংক্ষিপ্তরূপ নিম্নে উল্লেখ করা হলো।

৪.১ এডিপিভুক্ত প্রকল্প ঃ

(১) প্রমোশন অব ডেভেলপমেন্ট এন্ড কনফিডেন্স বিল্ডিং ইন দ্যা চিটাগাং হিল ট্রাক্টস-ইউএনডিপি-সিএইচটিডিএফঃ

ইউএনডিপি-সিএইচটিডিএফ এর প্রতিনিধি সভাকে জানান যে, এ প্রকল্পের ২০১৫-২০১৬ অর্থ বছরে সংশোধিত বাজেটে বরাদ্দ ৫৮৩৪.০০ লক্ষ টাকা। মে, ২০১৬ পর্যন্ত ব্যয় হয়েছে ৪৬৫৪.০৯ লক্ষ টাকা। যা বাজেট বরাদ্দের আর্থিক অগ্রগতি ৮৩.৭০% । জুন, ২০১৬ এর মধ্যে ৯৫-১০০% ব্যয় করা সম্ভব হবে মর্মে সংস্থার প্রতিনিধি নিশ্চিত করেন।

(২) **পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প -২য় পর্যায় ঃ** পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প -২য় পর্যায় এর আঞ্চলিক পরিষদ অংশের প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, এ প্রকল্পের আঞ্চলিক পরিষদ অংশের জন্য ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশোধিত বাজেটে বরাদ্দ ৪৮৮৩.০০ লক্ষ টাকা। ৩১ মে,২০১৬ পর্যন্ত ব্যয় হয়েছে ২৫০২.৬০ লক্ষ টাকা। যা বাজেট বরাদ্দের আর্থিক অগ্রগতি ৪৭.৪৪%। ৩০ জুন, ২০১৬ পর্যন্ত ব্যয় হয়েছে ৮০-৮৫ ভাগ ব্যয় করা সম্ভব হবে।

এলজিইডি অংশের প্রতিনিধি সভাকে জানান যে, চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশোধিত বাজেটে বরাদ্দ ২৫০০.০০ লক্ষ টাকা। মে, ২০১৬ পর্যন্ত ব্যয় হয়েছে ১২১৩.৩৯ লক্ষ টাকা। যা বাজেট বরাদ্দের আর্থিক অগ্রগতির ৪৮.১৪%। আশা করা যায় ৩০ জুন ২০১৬ এর মধ্যে ৮৫-৯০ ভাগ ব্যয় করা সম্ভব হবে। কারন বৈদেশিক সাহায্য অংশের টাকা ছাড় করণের গতি আগের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

(৩) **পার্বত্য চট্টগ্রাম এলাকায় সমন্বিত সমাজ উন্নয়ন প্রকল্প-৩য় পর্যায় ঃ** পার্বত্য চট্টগ্রাম এলাকায় সমন্বিত সমাজ উন্নয়ন প্রকল্প-৩য় পর্যায় এর প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশোধিত বাজেটে বরাদ্দ ৪৯০০.০০ লক্ষ টাকা। জুন, ২০১৬ পর্যন্ত ব্যয় হয়েছে ৩১৭২.৩২ লক্ষ টাকা। যা বাজেট বরাদ্দের আর্থিক অগ্রগতির ৮১.৮০%। ৩০ জুন, ২০১৬ পর্যন্ত ৯৫ ভাগ ব্যয় করা সম্ভব হবে।

(৪) **পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় মিশ্র ফল চাষ প্রকল্প ঃ** পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় মিশ্র ফল চাষ প্রকল্প এর প্রকল্প পরিচালক জানান যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশোধিত বাজেটে মোট বরাদ্দ ৯৭.০০ লক্ষ টাকা। ১৫ জুন, ২০১৬ তারিখ ১ম-৪র্থ কিস্তির ৯৭.০০ লক্ষ টাকা পাওয়া গিয়েছে। প্রকল্পের বাস্তবায়নের জন্য সকল পরিকল্পনা বরাদ্দ প্রাপ্তির পূর্বে প্রনয়ন করা হয়েছে। বরাদ্দকৃত ৯৭.০০ লক্ষ টাকা ৩০ জুন, ২০১৬ এর মধ্যে ৯৫-১০০% ব্যয় করা সম্ভব হবে।

চলমান পাতা-৩

(৫) **পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প** ঃ পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প পরিচালক জানান যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশোধিত বাজেটে মোট বরাদ্দ ২০০.০০(দুই কোটি) লক্ষ টাকা। ১৫ জুন, ২০১৬ তারিখ ১ম-৪র্থ কিস্তির ২০০.০০(দুই কোটি) লক্ষ টাকা পাওয়া গিয়েছে। প্রকল্পের বাস্তবায়নের জন্য সকল পরিকল্পনা বরাদ্দ প্রাপ্তির পূর্বে প্রনয়ন করা হয়েছে। বরাদ্দকৃত ৯৭.০০ লক্ষ টাকা ৩০ জুন, ২০১৬ এর মধ্যে ৯৫-১০০% ব্যয় করা সম্ভব হবে।

৪.২ উন্নয়ন সহায়তা বরাদ্দসমুহ :

১) **পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা(কোড -৫০১০)** ঃ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা(কোড -৫০১০) এর অগ্রগতি বিষয় সভাপতি সংশ্লিষ্ট সংস্থা প্রতিনিধি/প্রকল্প পরিচালকগণের দৃষ্টি আকর্ষণ করেন। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট সংস্থা প্রতিনিধি/প্রকল্প পরিচালকগণ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা এর আওতায় গৃহীত প্রকল্প/স্কীম বাস্তবায়নের অগ্রগতি নিম্মরুপভাবে তুলে ধরেন। ২০১৫-১৬ অর্থবছরের নিম্নরুপ ভাবে পার্বত্য উন্নয়ন সহায়তা(কোড-৫০১০) ১৮৫০০.০০ লক্ষ টাকা(মূল বরাদ্দ ১৩৫০০.০০ লক্ষ টাকা+অতিরিক্ত ৫০০০.০০ লক্ষ টাকা) মন্ত্রনালয়ের আওতাধীন সংস্থা ও অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার মোট ৪৮০টি প্রকল্প/স্কীম বরাদ্দ, খরচ এবং আর্থিক অগ্রগতি হয়েছে।

ক্র:নং	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	স্কীমের সংখ্যা	বরাদ্দ (লক্ষ টাকায়)	৩১ মে, ২০১৬ পর্যন্ত ব্যয় (লক্ষ টাকায়)	আর্থিক অগ্রগতি	মন্তব্য
০১	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড	১৩১টি	৮৬০০.০০	৪৫৭৫.০০	৭৫%	
০২	রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ	১৪৩টি	২৮০০.০০	৪৫০০.০০	৭৫%	
০৩	খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ	৯৫টি	২৭০০.০০	১৪২৫.০০	৭৫%	
০৪	বান্দরবান পার্বত্য জেলা পরিষদ	১০১টি	৩২০০.০০	১৭২৫.০০	৭৫%	
০৫	অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার	৯টি	৯৫০.০০	৬১২.০০	৭৪%	
০৬	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয় কর্তৃক ''পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক ও পরিবীক্ষণ সমক্ষতা বৃদ্ধি শীর্ষক একটি প্রকল্প	১টি	২৫০.০০	১৩৫.০০	৬৩%	
	মোট	৪৮০টি	১৮৫০০.০০	৯৯৭২.৫০	৭১.৮৫%	

২) **<u>পার্বত্য চট্টগ্রামের স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা(কোড-৭০২০)</u>** ঃ ২০১৫-১৬ অর্থবছরে এ সহায়তায় বরাদ্দ ৪৫০০.০০ লক্ষ টাকা নিম্নরুপভাবে বরাদ্দ, ব্যয় ও আর্থিক অগ্রগতি হয়েছে।

ক্র:নং	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	স্কীমের সংখ্যা	বরাদ্দ (লক্ষ টাকায়)	এপ্রিল, ২০১৬ পর্যন্ত ব্যয় (লক্ষ টাকায়)	আর্থিক অগ্রগতি	মন্তব্য
০১	রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ	২১৬টি	১৪৬৬.৬৮	১১০০.০১	৭৫.০০%	
০২	বান্দরবান পার্বত্য জেলা পরিষদ	১১৬টি	১৫৬৬.৬৬	১১৭৪.৯৯৫	৭৫.০০%	
০৩	খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ	১২৯টি	১৪৬৬.৬৮	১০৯৯.৯৯৫	৭৫.০০%	
	মোট=	৪৬১টি	৪৫০০.০০	৩৩৬২.০১	৭৫.০০%	

৩) **<u>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (কোড-৭০৩০)</u>** ঃ এ সহায়তার আওতায় ২০১৫-২০১৬ অর্থ বছরে বরাদ্দের পরিমান ৭০০০.০০ লক্ষ টাকা। এর দ্বারা পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অধীনের ৬০৩টি স্কীম গ্রহন করা হয়েছে। ২০১৬ পর্যন্ত এ খাতে ব্যয় হয়েছে ৫২৫০.০০ লক্ষ টাকা। যা আর্থিক অগ্রগতির ৭৫%।

চলমান পাতা-৪